ফোনঃ ৯৫৫৫১৩৩
ফ্যাক্সঃ ০০৮-২-৯৫৬৪৭৬৩

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## সচিবালয়

ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

Phone: 9555133
Fax: 008-2-9564763

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-৮১/২০১০/৫৮ তারিখঃ ২০ চৈত্র, ১৪২৩ বঃ
০৩ এপ্রিল, ২০১৭ খ্রিঃ

## সার্কুলার

লক্ষ্য করা যাচ্ছে যে, বোর্ডের সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নথি উপস্থাপনের সময় স্বাক্ষরের নীচে নাম সম্বলিত সীল প্রদান করেন না যা সচিবালয় নির্দেশনা-২০১৪'র ক্রমিক ৬১(২) এবং ১২০(১) এর সুস্পষ্ট লঙ্ঘন। উল্লেখ্য, ইতোপূর্বে বোর্ডের স্মারক নং পাউবো(সচি)/প্রশাসন-৩/বিবিধ-৯/২০১৪/২৫২ তারিখঃ ১৬/০৩/২০১৪ এবং স্মারক নং ১৫৭-পাউবো(সচি)/বোর্ড-২ তারিখঃ ৯ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ মোতাবেক এ বিষয়ে সার্কুলার/দপ্তরাদেশ জারী করা হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে যে, বোর্ডের উক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না।

এমতাবস্থায় বোর্ডের কাজে নিয়মানুবর্তীতা ও শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীকে নথি/ পত্র উপস্থাপন এবং পত্র জারীর সময় তাদের নাম ও পদবী (কর্মকর্তাদের ক্ষেত্রে সীল সহ) স্পষ্টভাবে উল্লেখসহ সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর সংশ্লিষ্ট নির্দেশাবলী যথাযথ অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় তাদের বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

ইহা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

স্মারক নং ৫৫৫৯ তারিখ ০৪/০৪/১৭

(আব্দুল খালেক)
সচিব
বাপাউবো, ঢাকা।
পরিচিতি নম্বর ৬৩০১২০০০১
টেলিফোন- ৯৫৫৫১৩৩
ই-মেইল secretary@bwdb.gov.bd

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-৮১/২০১০/৫৮/১(২০০) তারিখঃ ২০ চৈত্র, ১৪২৩ বঃ
০৩ এপ্রিল, ২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১। চীফ মনিটরিং/চীফ প্ল্যানিং/প্রধান প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন/প্রধান পানি ব্যবস্থাপনা/ নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), ...........................................
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প-পরিচালক, ...........................................
৪। পরিচালক, ...........................................
৫। চীফ ষ্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। উপ-পরিচালক / উপ-সচিব /উপ-প্রধান, ...........................................
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী, সচিব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৯। অফিস কপি/মাষ্টার কপি/ব্যক্তিগত নথির কপি।

(কামরুন্নাহার)
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
পরিচিতি নম্বর ৫৯০১১৪০০১।

স্মারক নং ২৪৭৬ তারিখঃ ৫/৪/১৭
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
সিস্টেম এনালিষ্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো, ঢাকা

জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন

D:\Help-Belayet\Office Order\Circular.doc